

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
এপিডি অনুবিভাগ
www.mopa.gov.bd

তারিখ: ২৯-০১-২০২৬

বিষয়: মাঠ প্রশাসনে কর্মরত কর্মকর্তাগণের নির্বাচনকালীন অভিযোগ সংক্রান্ত।

কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর, পদবি ও কর্মস্থল	অভিযোগের বিবরণ	গৃহীত কার্যক্রম	গৃহীত ব্যবস্থা	মন্তব্য
জনাব মো: আশরাফুল আলম রাসেল (১৮১১৬) উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।	<p>উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ঝিনাইগাতী কর্তৃক ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে শেরপুর জেলার ১৪৫ শেরপুর-৩ (শ্রীবরদী ও ঝিনাইগাতী উপজেলা) সংসদীয় আসনের ঝিনাইগাতী উপজেলায় প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নির্বাচনি ইশতেহার পাঠ অনুষ্ঠান গত ২৮ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখ দুপুর ০২.৩০ টায় ঝিনাইগাতী উপজেলা মিনি স্টেডিয়াম মাঠে আয়োজন করা হয়।</p> <p>উক্ত অনুষ্ঠানস্থলে চেয়ারে বসাকে কেন্দ্র করে দুটি রাজনৈতিক দলের কর্মীদের মধ্যে চেয়ার ছুড়াছুরির ঘটনা শুরু হয় এবং এক পর্যায়ে অনুষ্ঠান পন্দ হয়ে যায়। এত উভয় পক্ষের আনুমানিক ২৫-২৬ জন কর্মী-সমর্থক আহত হন।</p> <p>পরবর্তীতে একটি রাজনৈতিক দলের কর্মী-সমর্থকগণ অনুষ্ঠানস্থল থেকে তাদের গন্তব্যস্থলে যাওয়ার সময় অন্য একটি রাজনৈতিক দলের কার্যালয়ের সামনে উভয় পক্ষের মধ্যে ইট-পাটকেল নিক্ষেপ ও মারামারির ঘটনা ঘটে। এত উভয় পক্ষের আনুমানিক ২৪-২৬ জন গুরুতর আহত হন।</p> <p>আহতদের মধ্যে জনাব রেজাউল করিম (৪৫), পিতা: মাওলানা আব্দুল আজিজ, সাং: গোপালখিলা, শ্রীবরদী কে আশঙ্কাজনক অবস্থায় ময়মনসিংহ মেডিকেল কলেজে নিয়ে যাওয়া হয় এবং আনুমানিক রাত ০৯.২০ টায় চিকিৎসাধীন অবস্থায় ময়মনসিংহ</p>	বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক উপর্যুক্ত বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ঝিনাইগাতীকে প্রত্যাহারের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করা হয়।	বর্ণিত কর্মকর্তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ নিয়োগ শাখার ২৯-০১-২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৩ ৮.১৯.০০০১.২৬.৫৬ নং স্মারকমূলে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) জনপ্রশাসন মন্ত্রণালয়ে হিসেবে নিয়োগ করা হয়েছে।	

	<p>মেডিকেল কলেজ হাসপাতালে তিনি মৃত্যুবরণ করেন। উল্লেখ্য তিনি একই সংসদীয় আসনের শ্রীবরদী উপজেলার একটি রাজনৈতিক দলের উপজেলা পর্যায়ের সাধারণ সম্পাদক ছিলেন।</p> <p>উদ্ধৃত পরিস্থিতিতে জেলা আইন-শৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির সভা করা হয়েছে। কোর কমিটির সিদ্ধান্ত মোতাবেক স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বিজিবি মোতায়নের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং ০৪ প্লাটুন বিজিবি মোতায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।</p>			
--	---	--	--	--